



শিক্ষার্থীদের সঙ্গে সেলফি, খেলাধুলার সামগ্রী উপহার দিলেন প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজের শিক্ষার্থীদের সঙ্গে সময় কাটিয়ে তাদের ফুটবল, ক্রিকেট ব্যাটসহ বিভিন্ন খেলাধুলার সামগ্রী উপহার দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

মঙ্গলবার (২০ অক্টোবর) সকালে সৈয়দপুর থেকে সড়কপথে রংপুর যাওয়ার পথে কলেজটির সামনে শিক্ষার্থীদের দেখে বাস থামান তিনি। সেখানে প্রায় ১০ মিনিট অবস্থান করে শিক্ষার্থীদের সঙ্গে সেলফি তোলেন এবং তাদের হাতে খেলাধুলার সামগ্রী তুলে দেন। প্রধানমন্ত্রীর এমন আকস্মিক উপস্থিতিতে উচ্ছ্বাস প্রকাশ করেন শিক্ষার্থীরা।

সকাল ৯টা ৫০ মিনিটে সামরিক বিমানে সৈয়দপুর বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী। পরে বাসে রংপুরের উদ্দেশে যাত্রাকালে কলেজের সামনে শিক্ষার্থীদের দাঁড়িয়ে থাকতে দেখে তিনি তাদের সঙ্গে কথা বলার জন্য থামেন।

কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ গণমাধ্যমকে জানান, প্রধানমন্ত্রীর কাছে কলেজের অবকাঠামোগত উন্নয়নের বিষয়টি তুলে ধরা হয়েছে। এ সময় দুটি ছাত্রাবাস ও একটি হলরুম নির্মাণের অনুরোধ জানিয়ে লিখিত দাবি দেওয়া হয়।